অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/13/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্কুল পুনরায় খোলার জন্য নতুন তথ্য চালিত নির্দেশিকার কথা ঘোষণা করেছেন

চতুর্থ পর্যায়ের অঞ্চলের স্কুলগুলি পুনরায় খুলতে পারে যদি দৈনিক সংক্রমণের হার 14-দিনের গড় ব্যবহার করে 5 শতাংশের নিচে থাকে

1 আগস্টের পর আঞ্চলিক সংক্রমণের হার 9 শতাংশের বেশি বেড়ে গেলে স্কুলগুলি বন্ধ হয়ে যাবে

চূড়ান্ত স্বাস্থ্য দপ্তর এবং রিইম্যাজিন অ্যাডভাইজরি কাউন্সিল নির্দেশিকা এবং নির্দেশিকার মূল নীতিগুলি এখানে উপলব্ধ

গতকালের COVID-19 টেস্টের মাত্র 1.08 শতাংশ আক্রান্ত ছিল

গতকাল নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর কারণে 10 জনের মৃত্যু হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরো 557 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 38 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 402,263-তে নিয়ে আসে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেটে স্কুলগুলি পুনরায় খোলার জন্য নতুন, তথ্য চালিত নির্দেশিকার কথা ঘোষণা করেছেন। একটি অঞ্চলের স্কুলগুলি আবার খুলতে পারে যদি সেই অঞ্চলটি পুনরায় খোলার ফেজ IV এ থাকে এবং যদি তার দৈনিক সংক্রমণের হার 5 শতাংশের নিচে থাকে অথবা আরো নিচে থাকে 14 দিনের গড় ব্যবহার করে, পজ তুলে নেওয়ার পর থেকে। 1 আগস্টের পর যদি আঞ্চলিক সংক্রমণের হার 9 শতাংশের বেশি বেড়ে যায়, তাহলে স্কুলগুলো বন্ধ হয়ে যাবে। নিউ ইয়র্ক স্টেট 1 থেকে 7 আগস্টের সপ্তাহে সূত্রটি নির্ধারণ করবে। নিউ ইয়র্ক স্টেট, রিইমাজিন এডুকেশন অ্যাডভাইসরি কাউন্সিল এবং স্বাস্থ্য দপ্তর আজ স্কুল পুনরায় খোলার জন্য চূড়ান্ত নির্দেশিকা এবং দিকনির্দেশকারী নীতি প্রকাশ করেছে, যা এখানে পাওয়া যাবে। DOH এবং গভর্নরস রিইমাজিন কাউন্সিল শিক্ষা বিভাগের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে শিক্ষা সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করার সময়। 31 জুলাই স্কুলগুলি পুনরায় খোলার পরিকল্পনা করা হবে।

রাজ্যের নির্দেশিকার দ্বারা সম্বোধন করা বিষয়গুলির মধ্যে রয়েছে:

- মাস্ক/PPE
- সামাজিক দুরত্ব বজায় রাখা
- দলগত কাঠামো
- ক্লাসে বসে প্রদান করা নির্দেশনা সর্বাধিক করতে স্থানের পুনর্বিন্যাস করা
- পরিবহন
- খাদ্য পরিষেবা
- উত্তরপর্বের পরিচর্যা এবং পাঠ্যক্রম বহির্ভূত বিশয়সমূহ
- স্ক্রিনিং
- খুঁজে বের করা
- পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করা

গভর্নর কুওমো চলমান COVID-19 মহামারী চলাকালীন সময়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীকেও আপডেট করেছিলেন। নতুন কেসের সংখ্যা, পরীক্ষার শতাংশ যারা আক্রান্ত ছিল এবং অন্যান্য অনেক সহায়ক ডাটা পয়েন্ট সবসময় forward.ny.gov-এ পাওয়া যাবে।

"সবাই স্কুল পুনরায় খুলতে চায়, কিন্তু আপনি তখনই পুনরায় খুলবেন যখন এটি পুনরায় খোলা নিরাপদ হয়, এবং তা ডেটার মাধ্যমে নির্ধারণ করা হয়। আপনি আপনার আঙ্গুল তুলে ধরে বাতাস অনুভব করেন না, আপনার কোন অনুপ্রেরণা নেই, আপনার কোন স্বপ্ন নেই, আপনার কোন আবেগ নেই -- কেবল ডেটা দেখুন," **গভর্নর কুওমো বলেন।** "আমরা আরো বেশি পরীক্ষা করি এবং আমাদের কাছে যে কোন রাজ্যের চেয়ে বেশি তথ্য আছে। যদি ভাইরাস আপনার নিয়ন্ত্রণে থাকে, পুনরায় খুলুন। যদি ভাইরাস আপনার নিয়ন্ত্রণে না থাকে, তাহলে আপনি পুনরায় খুলতে পারবেন না। আমরা আমাদের সন্তানদের লিটমাস পরীক্ষা হিসেবে ব্যবহার করবো না এবং আমরা আমাদের সন্তানদের এমন জায়গায় রাখবো না যেখানে তাদের স্বাস্থ্য বিপন্ন হবে। এটা এতোটাই সহজ। সাধারণ জ্ঞান এবং বুদ্ধিমত্তা এখনও নির্ধারণ করতে পারে আমরা কি করি, এমনকি এই পাগল করে দেওয়া পরিবেশেও। আমরা আমাদের শিশুদের গিনিপিগ হিসেবে ব্যবহার করবো না। বিশেষজ্ঞদের কাছে আমি যা বলছি তা খুবই সহজ। আমি আমার মেয়েকে স্কুলে পাঠাব কি না সেই সিদ্ধান্ত আমি নিচ্ছি। যদি এটা নিরাপদ হয়, আমি তাকে পাঠাবো। যদি এটা নিরাপদ না হয়, আমি তাকে পাঠাবো না। আর আপনি বিজ্ঞানের মাধ্যমে তা নির্ধারণ করতে পারেন।"

আজকের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **রোগী হাসপাতালে ভর্তি** - 792 (-9)
- **রোগী সদ্য ভর্তি** - 60 (-15)
- **হসপিটাল কাউন্টি -** 31
- **ICU সংখ্যা** - 175 (+1)
- **ইন্টুবেশনসহ ICU-তে ভর্তির সংখ্যা** - 103 (+1)
- **মোট ডিসচার্জ** - 71,643 (+78)

- **মৃত্যু** - 10
- **মোট মৃত্যু** - 24,989

গতকাল নিউ ইয়র্ক স্টেটে অনুষ্ঠিত 51,687 জনের পরীক্ষার মধ্যে মাত্র 557 জন বা 1.08 শতাংশ আক্রান্ত রোগী ছিল। গত তিন দিনে প্রতিটি অঞ্চলের পরীক্ষায় আক্রান্তের শতাংশ নিম্নরূপ:

অঞ্চল	শুক্রবার	শনিবার	রবিবার
Capital Region	1.2%	2.0%	0.9%
Central New York	1.7%	1.1%	1.0%
Finger Lakes	1.0%	0.8%	1.0%
Long Island	1.0%	0.9%	1.5%
Mid-Hudson	0.8%	0.9%	0.8%
Mohawk Valley	0.9%	0.8%	0.8%
New York City	1.0%	1.3%	1.1%
North Country	0.3%	0.4%	0.2%
Southern Tier	1.5%	0.6%	0.9%
Western New York	1.9%	1.0%	1.1%

এছাড়াও গভর্নর আরও 557 জন নতুন নভেল করোনাভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা নিশ্চিত করেছেন, যার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে স্টেটজুড়ে আক্রান্ত রোগীর সর্বমোট সংখ্যা হলো 402,263 জন। মোট 402,263 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থানের বিশদ ব্যখ্যা নিম্নরূপ:

কাউন্টি	মোট আক্রান্ত	নতুন আক্রান্ত
Albany	2,225	6
Allegany	66	0
Broome	827	7
Cattaraugus	138	0
Cayuga	126	0
Chautauqua	171	1
Chemung	148	0
Chenango	169	3
Clinton	109	0
Columbia	487	1
Cortland	59	1
Delaware	92	0

Dutchess	4,280	4
Erie	7,766	24
Essex	51	0
Franklin	36	0
Fulton	265	0
Genesee	250	0
Greene	266	0
Hamilton	6	0
Herkimer	193	1
Jefferson	99	2
Lewis	31	0
Livingston	147	0
Madison	375	1
Monroe	4,200	23
Montgomery	133	1
Nassau	42,354	47
Niagara	1,342	2
NYC	219,301	250
Oneida	1,830	7
Onondaga	3,142	18
Ontario	302	2
Orange	10,841	6
Orleans	287	0
Oswego	222	2
Otsego	89	0
Putnam	1,365	4
Rensselaer	617	1
Rockland	13,719	3
Saratoga	610	8
Schenectady	868	4
Schoharie	62	0
Schuyler	15	0
Seneca	74	0
St. Lawrence	231	1
Steuben	276	2
Suffolk	42,112	84

Sullivan	1,465	0
Tioga	161	0
Tompkins	186	0
Ulster	1,862	3
Warren	280	3
Washington	249	0
Wayne	209	4
Westchester	35,327	30
Wyoming	102	1
Yates	48	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন